

স্বাক্ষর

৩.১.১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
(গোপনীয় শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০১৩.২২.১৭৯

তারিখ : ২৩ আগস্ট ২০২৩

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর, বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক
চাঁপাইনবাবগঞ্জ কালেক্টরেট ইংলিশ স্কুল আকস্মিক পরিদর্শন প্রতিবেদন

গত ০৬-০৮-২০২৩ তারিখ সকাল ১০-৩৫টায় নিম্নস্বাক্ষরকারী চাঁপাইনবাবগঞ্জ কালেক্টরেট ইংলিশ স্কুল আকস্মিক পরিদর্শন করি। আকস্মিক পরিদর্শনকালে জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ জনাব এ কে এম গালিভ খান, প্রতিষ্ঠানের শিক্ষকগণসহ কর্মচারীগণ উপস্থিত ছিলেন। আকস্মিক পরিদর্শনকালে শিক্ষকগণের সাথে মতবিনিময় করা হয়।

- প্রতিষ্ঠানটি ২০২০ সালে প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়ে নার্সারি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর প্রত্যক্ষ ব্যবস্থাপনায় বিদ্যালয়টি পরিচালিত হচ্ছে।
- বিদ্যালয়ে ১টি একতলা পাকা ভবন এবং ১টি টিনশেড ভবন রয়েছে।
- বর্তমানে বিভিন্ন বিষয় সংশ্লিষ্ট মোট ১১ জন শিক্ষক কর্মরত রয়েছেন।
- বিদ্যালয়ের নার্সারি শ্রেণিতে ৪৬ জন, কেজি শ্রেণিতে ৭২ জন, ১ম শ্রেণিতে ৩৬ জন, ২য় শ্রেণিতে ২২ জন, ৩য় শ্রেণিতে ১০ জন, ৪র্থ শ্রেণিতে ১৮ জন এবং ৫ম শ্রেণিতে ০৮ জন শিক্ষার্থী রয়েছে।
- পরিদর্শনকালে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে তাদের লেখাপড়ার খোঁজ নেওয়া হয়। শিক্ষার্থীগণ লেখাপড়ায় মনোযোগী ও আন্তরিক মর্মে প্রতীয়মান হলো।
- মনোরম পরিবেশে অবস্থিত বিদ্যালয়টি শিশুদের জ্ঞান অর্জনের সহায়ক বলে প্রতীয়মান হলো।

মন্তব্য:

- প্রতিষ্ঠানের সাফল্য ধরে রাখতে শিক্ষকদের আন্তরিকতার সাথে পাঠদানের ধারা অব্যাহত রাখতে হবে।
- শিক্ষার্থীগণ যেন নৈতিকতা ও মানবিকতার শিক্ষায় শিক্ষিত হতে পারে সে জন্য পাঠদানের ক্ষেত্রে প্রত্যেক শিক্ষককে আন্তরিক হতে হবে।
- শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।
- স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমে সম্পৃক্ত করার চেষ্টা করতে হবে।

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার
রাজশাহী

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)]
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
- ৬। অধ্যক্ষ, চাঁপাইনবাবগঞ্জ কালেক্টরেট ইংলিশ স্কুল, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ



জসীম উদ্দীন হায়দার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী বিভাগ, রাজশাহী কর্তৃক রাজশাহী জেলার
দুর্গাপুর উপজেলার “সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়” আকস্মিক পরিদর্শন প্রতিবেদন।

পূর্ব নির্ধারিত সময়সূচি অনুযায়ী গত ১৭/০৯/২০২৩ খ্রি: তারিখে রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলার সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় আকস্মিক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী জনাব মোঃ আব্দুল করিম, সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, রাজশাহী জনাব কৃষ্ণ চন্দ্র, বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষক/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

- ০২। ভূমিকা :
ক) স্কুলের সীমানা : উত্তরে সরকারি রাস্তা, পশ্চিমে দুর্গাপুর সিংগা বাজার, দক্ষিণে জনবসতি, পূর্বে সরকারি রাস্তা।
খ) আয়তন : ৬.৬৭ একর

০৩। পূর্ব পরিদর্শন :

- ক) সর্বশেষ পরিদর্শনকারী কর্মকর্তার নাম পরিদর্শনের তারিখ : মোঃ সোহেল রানা, প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী। তারিখ: ৩০/০৭/২০২২ খ্রি:
খ) বিস্তারিত পরিদর্শন/ভিজিট কি না ? : ভিজিট
গ) পরিদর্শনের প্রকৃতি (পূর্বনির্ধারিত/আকস্মিক) : পরিদর্শন

০৪। কর্মরত জনবল:

- শিক্ষক/শিক্ষিকা : ১৫ জন, অনুমোদিত পদ: ১৫ জন, প্রশিক্ষণ প্রাপ্ত: ১১ জন
কর্মরত : ১৫ জন, উপস্থিত: ১৫ জন

অনুপস্থিত শিক্ষক/শিক্ষিকাদের তথ্য:(প্রযোজ্য নয়)

ক্র: নং	নাম	কবে থেকে অনুপস্থিত	ছুটি অনুমোদিত কিনা
--	--	--	--
--	--	--	--

০৫। অবকাঠামো ও আসবাবপত্র:

অত্র শিক্ষা প্রতিষ্ঠানটি ৩ (তিন) তলা। ভবনটি ৯ (নয়) কক্ষ বিশিষ্ট। বর্তমানে ০৮ টি শ্রেণি কক্ষ হিসেবে এবং ১ (এক) টি ল্যাবরেটরি হিসেবে ব্যবহৃত হচ্ছে। এছাড়া লাইব্রেরী, ক্যান্টিন, সাহিত্য ও সংস্কৃতি চর্চা কেন্দ্র, সাইকেল গ্যারেজ, ৮টি টয়লেট ও ডিজিটাল এলার্ট সার্ভিসেস রয়েছে। আসবাবপত্রে মধ্যে টেবিল (বিভিন্ন ধরনের) ২০ (বিশ) টি, চেয়ার ৪০ (চল্লিশ) টি, আলমারি- ৮ (আট) টি, ফ্যান- ৪৪ (চুয়াল্লিশ) টি, কম্পিউটার- ৩৩ টি, ল্যাপটপ- ২৯ (উনত্রিশ) টি রয়েছে।

০৬। প্রতিষ্ঠানে ব্যবহৃত রেজিস্টারসমূহঃ নিয়মিত এবং সঠিক পদ্ধতিতে ব্যবহার করা হয় কিনা

- (ক) শিক্ষক হাজিরা রেজিস্টার : আছে
(খ) ছাত্র/ছাত্রীদের হাজিরা রেজিস্টার : আছে
(গ) পরিদর্শন রেজিস্টার : আছে
(ঘ) শিক্ষক ছুটির রেজিস্টার : আছে
(ঙ) ছাত্র/ছাত্রী ভর্তি রেজিস্টার : আছে
(চ) পরীক্ষার ফলাফল রেজিস্টার : আছে
(ছ) ক্যাশবই রেজিস্টার : আছে

০৭। শিক্ষা প্রতিষ্ঠানটির পরিষ্কার-পরিচ্ছন্নতাঃ

- ক) সামনে খেলাধুলার জন্য মাঠ আছে কিনা : আছে
খ) সৌচাগারের অবস্থা : ভালো
গ) প্রতিষ্ঠান প্রাঙ্গণ ও শ্রেণি কক্ষের পরিষ্কার পরিচ্ছন্নতা : ভালো
ঘ) ছাত্র/ছাত্রীদের পরিচ্ছদ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা : ভালো
ঙ) স্কুল ইউনিফর্ম আছে কিনা : আছে
চ) শিক্ষক-শিক্ষিকাদের পরিচ্ছদ ও পরিষ্কার পরিচ্ছন্নতা কিনা: পরিষ্কার পরিচ্ছন্ন
ছ) ছাত্র-ছাত্রীদের বসার বেঞ্চের অবস্থা : ভালো


- জ) অন্যান্য আসবাবপত্রের অবস্থা : ভালো
- ০৮। শ্রেণি কক্ষে পাঠদানের পদ্ধতি অবস্থা সম্পর্কে মূল্যায়ন :
 ক) শিক্ষক-শিক্ষিকাগণ ছাত্র-ছাত্রীদের প্রায় প্রত্যেককে চিনেন কিনা: চিনেন
 খ) শ্রেণি কক্ষের বোর্ড মনিটরিং সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে লেখা হয় কিনা: হয়
 গ) শ্রেণি কক্ষে নিষ্ঠা আন্তরিকতার সাথে পাঠদান করা হয় কিনা: হয়
 ঘ) পাঠ পরিকল্পনা (লেসন প্লান) অনুসরণ করা হয় কিনা: আছে
 ঙ) পড়াশুনায় দুর্বল ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ পাঠদানের ব্যবস্থা আছে কিনা: আছে
 চ) সকল ছাত্র-ছাত্রীর শিক্ষা উপকরণ(বই) আছে কিনা: আছে
- ০৯। মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ অত্র প্রতিষ্ঠানে ০৭(সাত) টি মাল্টিমিডিয়া ক্লাস রুমের ব্যবস্থা আছে।
- ১০। ছাত্র/ছাত্রীর বিবরণ :
 পরিদর্শনকালে হাজিরা খাতা পরীক্ষা করে দেখা গেল যে, অত্র প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী সংখ্যা নিম্নরূপঃ

ক্রঃ নং	শ্রেণির নাম	শিক্ষার্থীর সংখ্যা		মোট	উপস্থিত		মোট	অনুপস্থিত	উপস্থিতির হার
		ছাত্র	ছাত্রী		ছাত্র	ছাত্রী			
১	ষষ্ঠ -ক শাখা	২৫	৩৫	৬০	২০	৩০	৫০		
২	ষষ্ঠ -খ শাখা	৬০	X	৬০	৫০	X	৫০		
৩	সপ্তম-ক শাখা	৩২	২৮	৬০	২৫	২৫	৫০		
৪	সপ্তম-খ শাখা	৬০	X	৬০	৪৮	X	৪৮		
৫	অষ্টম	৯৫	১৫	১১০	৮০	১০	৯০		
৬	নবম	৯০	৩০	১২০	৭৮	২৫	৯৫		
৭	দশম	৮৮	৩২	১২০	৭০	২৫	৯৫		
সর্বমোট শিক্ষার্থী		৪৬০	১৪০	৬০০	৩৭১	১২৫	৪৮৬		

- ১১। পরীক্ষার ফলাফল :
 এস.এস.সি পরীক্ষার ফলাফলঃ ২০২৩ সালে এস.এস.সি পরীক্ষায় মোট ১৬৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১২৭ জন কৃতকার্য হয়েছে।
 পাশের হার ৭৬.৯৬ %।
- ১৪। বর্তমান চাহিদাঃ
 ক) ফটোকপিয়ার মেশিন
 খ) কেবিনেট
 গ) চেয়ার টেবিল
 ঘ) বেঞ্চ

সার্বিক মন্তব্য:

১. বিদ্যালয়টি পরিষ্কার/পরিচ্ছন্ন, গোছানো ও কোলাহলমুক্ত।
২. শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতির জন্য শিক্ষার্থীর অভিভাবকদের সাথে সমাবেশ করতে হবে। শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ও খেলাধুলার বিষয়ে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে।
৩. যে সকল শিক্ষার্থী স্কুলে নিয়মিত নয় তাদের অভিভাবকদের সাথে যোগাযোগ স্থাপন করে শিক্ষার্থীদের নিয়মিত স্কুলে আনয়ন নিশ্চিত করতে হবে।
৪. প্রত্যেক শিক্ষার্থী যেন নৈতিকতা/মমত্ববোধ/মানবিকতার শিক্ষায় শিক্ষিত হতে পারে সে বিষয়ে প্রত্যেক শিক্ষকের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার পরামর্শ দেয়া হলো।
৫. দুর্বল/পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য বিশেষ পাঠদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. বিদ্যালয়ের কক্ষসমূহ, টয়লেট ও খেলার মাঠ যথাসম্ভব পরিচ্ছন্ন ও উপযোগী রাখতে হবে।
৭. আধুনিক পদ্ধতিতে শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে কর্মপরিকল্পনা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো।
৮. উপজেলা নির্বাহী অফিসারকে বিদ্যালয়টি নিয়মিত পরিদর্শনের পরামর্শ প্রদান করা হলো।
৯. প্রাপ্ত আকস্মিক পরিদর্শন প্রতিবেদনের বক্ষ্যমাণ জবাব প্রদান করতে হবে।



(জসীম উদ্দীন হায়দার)

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)

রাজশাহী বিভাগ, রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৫৭৭৭৫ (অফিস)

স্মারক নং ০৫.৪৩.০০০০.০০৩.০৩.০০১.২৩. ১৬২

তারিখ: ২৬-০৯-২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী।
- ৪। প্রধান শিক্ষক, সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, দুর্গাপুর, রাজশাহী।
- ৫। অফিস কপি।



(জসীম উদ্দীন হায়দার)

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)

রাজশাহী বিভাগ, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.১৫.০৩.০০৯.২৩.৯৬

তারিখ: ৩১/০৭/২০২৩ খ্রি.

ড. মোঃ মোকহেদ আলী, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী কর্তৃক
নওগাঁ জেলার পল্লীতলা উপজেলার চকনিরখিন সরকারি প্রাথমিক বিদ্যালয়
পরিদর্শন প্রতিবেদন।

গত ১৬/০৭/২০২৩ খ্রি. তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নওগাঁ জেলার পল্লীতলা উপজেলার 'চকনিরখিন সরকারি প্রাথমিক বিদ্যালয়' আকস্মিক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে মোহাঃ রুমানা আফরোজ, উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা, নওগাঁ, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং অত্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষিকা মোসা: নাগিস পারভীনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

০২। পূর্ব পরিদর্শন:

ক) সর্বশেষ পরিদর্শনকারী কর্মকর্তার নাম	: জনাব খালিদ মেহেদী হাসান (বিপিএএ)
পরিদর্শনের তারিখ	: ৩০/০৪/২০২৩ খ্রি.
খ) বিস্তারিত পরিদর্শন/ভিজিট কি না?	: বিস্তারিত পরিদর্শন
গ) পরিদর্শনের প্রকৃতি (পূর্বনির্ধারিত/আকস্মিক)	: পূর্বনির্ধারিত

০৩। কর্মরত জনবল: শিক্ষক/শিক্ষিকা: ০৯ জন, অনুমোদিত পদ: ০৯টি, প্রশিক্ষণ প্রাপ্ত: ০৮ জন, কর্মরত: ০৮ জন, উপস্থিত: ০৮ জন।

০৪। অবকাঠামো:

অত্র শিক্ষা প্রতিষ্ঠানটি এক তলা ভবন বিশিষ্ট ২টি ভবন। বর্তমানে ০৬টি শ্রেণি কক্ষ হিসেবে এবং ২টি ল্যাবরেটরি হিসেবে ব্যবহৃত হচ্ছে। এছাড়া লাইব্রেরি, ক্যান্টিন, ২টি টয়লেট ও ডিজিটাল অ্যালাট সার্ভিসেস রয়েছে।

০৫। প্রতিষ্ঠানে ব্যবহৃত রেজিস্টারসমূহ: নিয়মিত এবং সঠিক পদ্ধতিতে ব্যবহার করা হয় কিনা?

(ক) শিক্ষক হাজিরা রেজিস্টার	: হ্যাঁ
(খ) ছাত্র/ছাত্রীদের হাজিরা রেজিস্টার	: হ্যাঁ
(গ) পরিদর্শন রেজিস্টার	: হ্যাঁ
(ঘ) শিক্ষক ছুটির রেজিস্টার	: হ্যাঁ
(ঙ) ছাত্র/ছাত্রী ভর্তি রেজিস্টার	: হ্যাঁ
(চ) পরীক্ষার ফলাফল রেজিস্টার	: হ্যাঁ
(ছ) ক্যাশবই রেজিস্টার	: হ্যাঁ

০৬। শিক্ষা প্রতিষ্ঠানটির পরিষ্কার-পরিচ্ছন্নতা:

ক) সামনে খেলাধুলার জন্য মাঠ আছে কিনা	: হ্যাঁ
খ) শৌচাগারের অবস্থা	: সন্তোষজনক
গ) প্রতিষ্ঠান প্রাঙ্গণ ও শ্রেণিকক্ষের পরিষ্কার পরিচ্ছন্নতা	: সন্তোষজনক
ঘ) ছাত্র/ছাত্রীদের পরিচ্ছদ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা	: ভালো
ঙ) স্কুল ইউনিফর্ম আছে কিনা	: হ্যাঁ
চ) শিক্ষক-শিক্ষিকাদের পরিচ্ছদ ও পরিষ্কার পরিচ্ছন্নতা কিনা:	হ্যাঁ
ছ) ছাত্র-ছাত্রীদের বসার বেকের অবস্থা	: ভাল
জ) অন্যান্য আসবাবপত্রের অবস্থা	: ভাল

০৭। শ্রেণি কক্ষে পাঠদানের পদ্ধতি অবস্থা সম্পর্কে মূল্যায়ন:

ক) শিক্ষক-শিক্ষিকাগণ ছাত্র-ছাত্রীদের প্রায় প্রত্যেককে চিনেন কিনা	: চিনেন
খ) শ্রেণি কক্ষের বোর্ড মনিটরিং সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে লেখা হয় কিনা	: হয়

- গ) শ্রেণি কক্ষে নিষ্ঠা আন্তরিকতার সাথে পাঠদান করা হয় কিনা : হয়
 ঘ) পাঠ পরিকল্পনা (লেসন প্ল্যান) অনুসরণ করা হয় কিনা : হয়
 ঙ) পড়াশুনায় দুর্বল ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ পাঠদানের ব্যবস্থা আছে কিনা : আছে
 চ) সকল ছাত্র-ছাত্রীর শিক্ষা উপকরণ (বই) আছে কিনা : আছে

০৮। মাল্টিমিডিয়া ক্লাসরুম: অত্র প্রতিষ্ঠানে ৩টি মাল্টিমিডিয়া ক্লাসরুমের ব্যবস্থা আছে।

০৯। ছাত্র/ছাত্রীর বিবরণ:

পরিদর্শনকালে হাজিরা খাতা পরীক্ষা করে দেখা গেল যে, অত্র প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী সংখ্যা নিম্নরূপঃ

ক্র: নং	শ্রেণির নাম	শিক্ষার্থীর সংখ্যা		মোট	উপস্থিত		মোট	অনুপস্থিত	উপস্থিতির হার
		ছাত্র	ছাত্রী		ছাত্র	ছাত্রী			
১।	১ম	৩৫	৩২	৬৭	৩৩	৩১	৬৪	০৩	৯৬%
২।	২য়	৩১	৪০	৭১	৩০	৩৭	৬৭	০৪	৯৪%
৩।	৩য়	২৯	৩৩	৬২	২৮	৩১	৫৯	০৩	৯৫%
৪।	৪র্থ	৩৩	২৯	৬২	৩২	২৭	৫৯	০৩	৯৫%
৫।	৫ম	২০	৩০	৫০	১৯	৩০	৪৯	০১	৯৮%
সর্বমোট শিক্ষার্থী		১৪৮	১৬৪	৩১২	১৪২	১৫৬	২৯৮	১৪	


মন্তব্যঃ অত্র স্কুলে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার সন্তোষজনক।

সার্বিক মতামত:

নওগাঁ জেলার পল্লীতলা উপজেলার চকনিরখিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে শ্রেণিকক্ষে খোলামেলা আলোচনা করা হয় এবং শিক্ষকবৃন্দের সাথে মতবিনিময় করা হয়। পরিদর্শনকালে দেখা যায়, বিদ্যালয়টির অবস্থান, খেলাধুলার মাঠ ও শিক্ষার পরিবেশ ভাল। এছাড়াও বিদ্যালয়টিতে বাচ্চাদের মানসিক বিকাশের জন্য খেলাধুলার বেশকিছু রাইড রয়েছে এবং অভিভাবকদের জন্য আলাদা বসার ব্যবস্থা রয়েছে।

সুপারিশ:

- ১। চকনিরখিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীর তুলনায় শ্রেণি কক্ষের সংখ্যা অপরিপূর্ণ হওয়ায় একটি নতুন ভবন নির্মাণ জরুরী। যেহেতু বিদ্যালয় চত্বরে পর্যাপ্ত স্থান সংকুলান রয়েছে সেহেতু যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে একটি নতুন ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্টদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ২। শিক্ষার্থীদের পাঠক্রমে আগ্রহ বৃদ্ধি, সুষ্ঠু শারীরিক ও মানসিক বিকাশের জন্য কাউন্সিলিং এর ব্যবস্থা করতে পরামর্শ দেয়া হলো।
- ৩। বিদ্যালয়ের ওয়াশরুম ও চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং বিদ্যালয় চত্বরে স্থাপিত ক্যান্টিনে স্বাস্থ্যসম্মত খাবার সরবরাহের বিষয়টি নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো।


৬৩/০৭/২০২৬

ড. মোঃ মোকহেদ আলী

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি)

রাজশাহী বিভাগ, রাজশাহী

ফোন: ০২৫৮৮৮-৫৭১০২ (অফিস)

Email: ca2addldevraj@gmail.com

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

বিভাগীয় কমিশনার, রাজশাহী।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। জেলা প্রশাসক, নওগাঁ।

২। উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা, নওগাঁ।

৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পল্লীতলা, নওগাঁ।

৪। প্রধান শিক্ষক, চকনিরখিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের, পল্লীতলা, নওগাঁ (সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।